উত্তরবঙ্গ সংবাদ ১৩ জুন ২০১৮

তারাদের কথা

আজ জন্মদিন

১৯৬১

দেবশ্রী রায়

কলকাতা



১৯৯২

দিশা পাটানি

মুম্বই

রিলিজের আগেই ট্রোলড!

ছবি নয়, ট্রেলার রিলিজ হতেই ট্রোলড জাহ্নবী কাপুর-ঈশান খট্টর। নেটিজেনদের মতে, 'ধড়ক' নাকি মারাঠি ব্লক বাস্টার 'সাইরাত'-এর অতি বাজে রিমেক!

কৌশানিই আমার রিয়েল লাইফ বনি

৯২ কেজি ঝরিয়ে ৬৫! অপমানের উত্তর দিতে বিনোদনের দুনিয়ায়? সবাই যখন অন্যধারায় তিনি তখনও কমার্শিয়াল! ছোটোপর্দা সর্বজনগ্রাহ্য। তাই ছুঁৎমার্গ নেই? নানা প্রশ্নের সহজ উত্তরে বনি সেনগুপ্ত। বনিবনায় উপালি মুখোপাধ্যায়

প্রশ্ন ঃ বড়োপর্দার নায়ক আচমকাই ছোটোপর্দার শো-অ্যাংকর! কেন?

বনি ঃ শো-হোস্ট করতে বরাবর ভালো লাগত। সুযোগ পেয়ে লোভ সামলাতে পারলাম না।

প্রশ্ন ঃ সেলেব সামলাচ্ছেন সাংবাদিক স্টাইলে। কেমন লাগছে?

বনি ঃ সাংবাদিকতার সুযোগ কই? সমস্তটাই তো আড্ডার ছলে। তবে দারুণ এনজয় করেছি।

প্রশ্ন ঃ ছোটোপর্দায় প্রায়শই মুখ দেখালে জনপ্রিয়তায় টান পড়বে না?

বনি ঃ দিন বদলেছে। এখন ছোটোপর্দায় মুখ দেখালে চট করে অনেকের কাছে পৌঁছে যাওয়া যায়। আর অ্যাংকারিং বলেই রাজি হয়েছি।

প্রশ্ন ঃ মা-বাবা বিনোদন দুনিয়ার। আপনিও তাই অভিনেতা?

বনি ঃ শুরু করেছিলাম ক্রিকেট দিয়ে। অসুস্থ হওয়ার পর টিম থেকে বাদ পড়লাম। মা বললেন, ক্রিকেট থাক। আমিও সরে এলাম। তখন থেকে বাবাকে অ্যাসিস্ট করতে শুরু করি। তারপর মডেলিং, থিয়েটার। শেষে ঠিক করলাম অভিনয় করব। সেইমতো অডিশন দিতে থাকি। সেখান থেকেই এসভিএফ-এ সুযোগ। রাজ চক্রবর্তী বললেন, তোর মতো একটা চরিত্র আছে করবি? এভাবেই রাজদার 'বরবাদ' ছবিতে প্রথম হিরো।

প্রশ্ন ঃ একজন অভিনেতা পরিচালনার খুঁটিনাটি জানলে সুবিধা কী?

বনি ঃ অনেক সুবিধে। বিশেষ করে ক্যামেরার অ্যাঙ্গেল বুঝতে। প্রথম ছবিতে যেমন ধেড়িয়েছি। লাইট বুঝতাম না। অন্যকে ওভারল্যাপ করে যেতাম। রাজদাকে 'যোদ্ধা' ছবিতে অ্যাসিস্ট করার পর এই সমস্যা অনেকটাই কেটেছে।

প্রশ্ন ঃ 'বরবাদ'-এর আগে ৯২ কেজি ওজন। সিলেক্টের সময় ৮২ কেজি। এখন ৬৫! হল কী করে?

বনি ঃ (হেসে ফেলে) রাজদা দেখে বলেছিলেন এই ফিগার নিয়ে হিরো! হবে না বাবা। জিমে যেতে হবে। মাসল চাই না। সিক্স প্যাক হলেই ফাটাফাটি। কিন্তু ছিপছিপে হতে হবে। জিম শুরু হল। সঙ্গে সেদ্ধ খাবার। একমাসে ১৮ কেজি কমে গেল! তারপর থেকেই ৬২-৬৫-র মধ্যে ঘোরাঘুরি করছি।

প্রশ্ন ঃ হিরো হতে এত পরিশ্রম! অভিনয়ের শখ আর বজায় ছিল?

বনি ঃ 'বরবাদ'-এর আগে সেটে যাওয়া, দৌড়ঝাঁপ, পরিশ্রম-- একদম ভালো লাগত না। ছবির আগে সিরিয়ালেও চান্স পেয়েছিলাম। বাবা বারণ করে বলেছিলেন, ভদ্রভাবে না করে দাও। আমি বাজে অডিশন দিয়ে বললাম, মুড ভালো নেই। কাজ করতে পারব না। সেদিন প্রযোজক খুব খারাপ কথা বলেছিলেন। তখন জেদ চাপল, বিনোদনের দুনিয়াতেই কিছু করে দেখাব। 'বরবাদ'-এর পর আস্তে আস্তে সবাই চিনতে আরম্ভ করল। আমিও ব্যাপারটাকে ভালোবেসে ফেললাম।

প্রশ্ন ঃ স্টার কিড হওয়ার সুবিধেটাও পেয়েছেন...

বনি ঃ অনেকে মনে করেন, স্টার কিড হলেই বোধহয় অভিনেতা বা নায়ক হওয়া সহজ। তা কিন্তু নয়। এসভিএফ-এ সুযোগ পাওয়ার আগে অনেক জায়গায় চেষ্টা করেছি। সব জায়গাতেই আগে নিজেকে প্রমাণ করতে হয়েছে। তারপর সামান্য জায়গা করতে পেরেছি। হ্যাঁ, মা-বাবার পরিচিতি থাকলে হয়তো যোগাযোগ বেশি হয়।

প্রশ্ন ঃ নিজের পরিশ্রমে বড়ো হয়েছেন বলেই 'পাশের বাড়ির ছেলে'র ইমেজ?

বনি ঃ (হাসি) আমি ছেলেটাই 'নেকস্ট ডোর বয়' টাইপের। এর জন্যেই রাজদার 'বরবাদ'-এ চান্স পেয়েছিলাম। রাজদা বলেছিলেন, পেতে চুল আঁচড়ানো, হালকা দাড়ি-গোঁফ ক্যারি করিস। আমি দেখাতে চাই, সাদামাঠা ছেলেও অভিনয় জানলে ইন্ডাস্ট্রিতে করে খেতে পারে। (লাজুক হেসে) সাতটা ছবি করার পর এখন সাজগোজ করি। কিন্তু আগের আমিই রয়ে গেছি।

প্রশ্ন ঃ এই জন্যেই মেয়েমহলে বনির এত ক্রেজ?

বনিঃ (হাসি) মেয়েরা সাজানো, গোছানো ছেলের চাইতে একটু এলোমেলো, সাদামাঠা ছেলেদের পছন্দ করে বেশি। ঈশ্বরকে ধন্যবাদ, আমার সেই সারল্য এখনও ধরে রাখতে পেরেছি। ওই জন্যেই বোধহয় মেয়েরা একটু বেশিই পছন্দ করে।

প্রশ্ন ঃ কিন্তু আজকের দর্শক আর শুধুই নাচা-গানা ছবি চান না। অন্য ধারার ছবিতে এই ইমেজ চলবে?

বনি ঃ শহরের বাইরে এখনও আমি 'বরবাদ'-এর শিবু। মাচায় যখন শো করি, সবাই বলে ওই ছবির সংলাপ বলো। সুতরাং কী করে বলি, কমার্শিয়াল ছবির বাজার নেই! শুধুই প্যারালাল ছবি চলছে! গ্রাম-বাংলা এখনও কমার্শিয়াল ছবিই দেখতে ভালোবাসে। রিমেক বা ভারী বিষয় তাদের না-পসন্দ।

প্রশ্ন ঃ রাজ চক্রবর্তী কিন্তু রিমেক-ই বেশি বানান...

বনি ঃ অনেকে তো হুবহু টোকেন। রাজদা সেটা করেন না। জাস্ট এসেন্সটুকু নেন।

প্রশ্ন ঃ আগামী দিনে কোন কোন ছবিতে দেখা যাবে?

বনি ঃ রাজা চন্দের একটি ছবিতে কাজ করছি। রাজদার ছবিতে আছি। সৌমিক সেনের পরিচালনায়, বুম্বাদার প্রযোজনায় 'কলকাতা কোম্পানি'তে আছি। ছবিতে বুম্বাদাও আছেন।

প্রশ্ন ঃ আপনি ঘরোয়া, কমার্শিয়াল ছবিতে আগ্রহী। এই ধরনের সিনেমা নন্দিতা রায়-শিবপ্রসাদ মুখোপাধ্যায় বানাচ্ছেন। যোগাযোগ করেছেন?

বনি ঃ আমার পিআরিং খুব খারাপ। যেচে কাজ চাইতে পারি না। যেহেতু নিশপাল রানের সঙ্গে পরপর কাজ করছি বলে একমাত্র রানেদাকে রিকোয়েস্ট করেছি, কৌশিক গাঙ্গুলি, শিবুদা বা মৈনাক ভৌমিকের ছবিতে কাজের সুযোগ করে দেওয়ার।

প্রশ্ন ঃ নায়িকা নিশ্চয়ই কৌশানি?

বনি ঃ (হাসি) ওখানেও বদল আনতে বলেছি। শুরু থেকে ওর সঙ্গেই আমার বেশি কাজ। নতুনেও আপত্তি নেই।

প্রশ্ন ঃ তুলনায় নতুন রুক্মিণী মৈত্র, দেবলীনা কুমার, ঈশা সাহা, দর্শনা বণিক। কাকে পছন্দ?

বনি ঃ রুক্মিণীকে চিনি। প্লাস দেবের নায়িকা! আমি ওঁকে বাছি? (হাসি)

প্রশ্ন ঃ প্রথম দুই নায়িকা ঋত্বিকা আর কৌশানির মধ্যে ঋত্বিকা বাদ পড়েছেন। এবার কি কৌশানি?

বনি ঃ (জোরে হেসে) ও তো আমার উড বি রিয়েল লাইফ পার্টনার! কৌশানির সঙ্গে কাজ করতে করতেই বুঝেছি, ওর সঙ্গে আমার বন্ডিং ভালো। তাই ওর 'অতীত' হওয়ার কোনো চান্স নেই।

সঞ্জয়-সমীর সমীকরণ...

'খামোশি: দ্য মিউজিক্যাল', 'হাম দিল দে চুকে সনম'-এর পর দীর্ঘ বিরতি। ১১ বছর পরে শীতঘুম ভেঙে ফের দুটিতে জুটিতে সলমন খান-সঞ্জয় লীলা বনশালি।

যদিও ভাইজানের হাতে আগামী দু-বছরে একমুঠো ছবি। ইদে আসছেন মাল্টিস্টারার 'রেস থ্রি' নিয়ে। তারপরেই শুরু করবেন প্রিয়াংকা চোপড়ার সঙ্গে 'ভারত'-এর শুট। এছাড়াও, 'দাবাং থ্রি' আর রেমো ডি-সুজার সঙ্গে আরও একটি ছবি করবেন। এই টাইট শেডিউলের মধ্যেও সলমন কথা দিয়েছেন সঞ্জয়কে। এবং সেই কথা কোনোমতেই ফেরাতে পারবেন না। কারণ, আজ তিনি যা বা যতটুকু তার পিছনে সঞ্জয়ের অবদান যথেষ্ট। ফলে সঞ্জয়কে অগ্রাহ্য করা তাঁর পক্ষে অসম্ভব। এখন নিন্দুকের অতি আশা, সলমন-সঞ্জয় যখন ফিরছেন, তখন অ্যাশ কি আর দূরে থাকবেন?

নর্থ বেঙ্গল ফিল্ম সেমিনার

দক্ষিণবঙ্গ অবশ্যই সিনে দুনিয়ার সূতিকাঘর। পিছিয়ে নেই উত্তরবঙ্গও। সম্প্রতি, কোচবিহারের দিনহাটা ব্লকে দিনহাটা স্কুলে অনুষ্ঠিত হল নর্থ বেঙ্গল ফিল্ম সেমিনার। আয়োজক নর্থ বেঙ্গল ফিল্ম টেলিভিশন আর্টিস্ট অ্যান্ড টেকনিশিয়ান ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। অনুষ্ঠানের উদ্বোধক উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ।

রবীন্দ্রবাবু বলেন, উত্তরবঙ্গের প্রতিভাবান শিল্পী-কলাকুশলীরা আজও শিক্ষাক্ষেত্রে যেভাবে উত্তরবঙ্গ এগিয়েছে ঠিক সেভাবেই সিনেমা শিল্পতেও এগিয়ে যেতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সম্পাদক সঞ্জয় বর্মন, কার্যকরী সভাপতি অতনু পোদ্দার, দিনহাটা ব্লকের বিডিও অমর্ত্য দেবনাথ প্রমুখ।

পুরস্কৃত চিত্রাঙ্গদা

আদিত্য কৃপালনির 'টিকলি অ্যান্ড লক্ষ্মি বম্ব'-এ অভিনয় করে নিউ জার্সি ইন্ডিয়া অ্যান্ড ইনটারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে ২০১৮-র সেরা নায়িকা হলেন চিত্রাঙ্গদা চক্রবর্তী। ছবিটি উৎসবে সেরা ছবির পুরস্কার পেয়েছে। এই ছবির জন্য দ্বিতীয়বার পুরস্কৃত হলেন চিত্রাঙ্গদা। এর আগে জয়পুর ইনটারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে পুরস্কার পেয়েছেন তিনি।

থ্রিডি ধামাল

বলিউডে এখন সিনেমার থ্রিডি ফর্ম্যাট রিলিজের ধুম লেগেছে। এর আগে ডন টু, এবিসিডি টু, রাওয়ান, পদ্মাবত-এর মতো ছবির থ্রিডি ফর্ম্যাট মুক্তি পেয়েছে। সেই পথে হাঁটতে চলেছেন অজয় দেবগণ-ইন্দ্রকুমার। তাঁদের 'টোটাল ধামাল' ছবিটিরও থ্রিডি ফর্ম্যাট মুক্তি পাবে। কমেডি ছবি হিসাবে এটাই প্রথম কোনো ছবি, যার থ্রিডি ফর্ম্যাট আসতে চলেছে। ৭ ডিসেম্বর হইহই করে ছবিটির মুক্তি পাবার কথা।

অন্য সোনা

সিনেমায় নিজের লুক নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে ভালোবাসেন সোনাক্ষী সিনহা। 'দাবাং'-এর ঘরোয়া রাজোকে একেবারেই অন্যরকম লুকে দেখা গিয়েছিল 'নূর', 'ইত্তেফাক' প্রভৃতি ছবিতে। এইবার তাঁকে দেখা যাবে করণ জোহরের 'কলঙ্ক' ছবিতে। ইতিমধ্যেই শুরু করে দিয়েছেন কাজ। খবর, এই ছবিতে তাঁকে দেখা যাবে একেবারেই অন্যরকম লুকে। প্রিয় নায়িকার ফার্স্টলুক দেখার জন্য মুখিয়ে আছেন ভক্তরা। সলমন খানের বিপরীতে 'দাবাং থ্রি' ছবিতেও তাঁর অভিনয় করার কথা।

নার্গিস লুক

সঞ্জয় দত্ত বায়োপিকে নার্গিসের ভূমিকায় অভিনয় করছেন মণীষা কৈরালা। নয়ের দশকের ইলুইলু গার্ল সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছেন 'সঞ্জু' ছবির নিজের কয়েকটি ছবি।

'সঞ্জু'র বিরুদ্ধে অভিযোগ দায়ের

দেশের সরকারি সংশোধনাগারগুলির দেখভাল এখন যথেষ্ট গুরুত্ব দিয়েই করা হয়। অথচ 'সঞ্জু' ছবিতে দেখানো হচ্ছে উলটোটাই।

এমনই অভিযোগ এনেছেন পৃথ্বী মাহাসকে। তাঁর আপত্তি মূলত ছবির টয়লেট দৃশ্য নিয়ে। চুপচাপ না থেকে তিনি 'সঞ্জু' ছবির বিরুদ্ধে অভিযোগ ঠুকে দিয়েছেন সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন-এ। ছবির ট্রেলরে দেখা যায়, কয়েদির পোশাকে সঞ্জয় দত্তরূপী রণবীর সংশোধনাগারের ঘরে পা রাখা মাত্র সেখানে টয়লেটের নোংরা ওভারফ্লো হয়ে হুড়মুড়িয়ে ঢুকে পড়ে। পৃথ্বীর আপত্তি এখানেই।

Instagram

প্রিয়াংকা চোপড়া নিক জোনস্ কাজিনের বিয়েতে...

1 কেকের উপর তুমি

শিল্পা শেট্টির জন্মদিনে রাজ কুন্দ্রার উপহার

2 ওরা চারজন

অর্জুন, অনশুলা, জাহ্নবী এবং খুশি কাপুর

3 রবিবারের রোমাঞ্চে

বিরাট আর অনুষ্কা কোহলি

সাদিকে বাদ?

সম্প্রতি দীপিকা মায়ের সঙ্গে কেনাকাটা করেছেন বান্দ্রা ঢুঁড়ে। ওদিকে রণবীর সিংও মা-বাবার বাসস্থানে বদল এনেছেন দোতলা বাড়ি পুনর্নির্মাণ করে। সেই বাড়িই নাকি হতে চলেছে বিয়ের পরের বাসস্থান।
খবর রটেছে এমনটাই!

টিম তারাদের কথা উপালি মুখোপাধ্যায়, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, সায়ন্তী মণ্ডল, রমাপদ পাহাড়ি ফেসবুক পেজ www.facebook.com/taraderkatha